

8907 - অর্ধ শাবানের রাতের জন্য কোন ইবাদতকে খাস করা যাবে না

প্রশ্ন

আমি কোন এক বইতে পড়েছি যে, অর্ধ শাবানের রাতে রোয়া রাখা বিদাত। অন্য এক রেফারেন্সে পড়েছি যে, যে দিনগুলোতে রোয়া রাখা মুস্তাহব এর মধ্যে রয়েছে অর্ধ শাবানের রাত্রি। এ সংক্রান্ত চূড়ান্ত হ্রকুম কি?

প্রিয় উত্তর

অর্ধ শাবানের রাতের ফয়লতের ব্যাপারে কোন সহিহ মারফু হাদিস সাব্যস্ত হয়নি; যে হাদিসের উপর ফয়লতের ক্ষেত্রে আমল করা যেতে পারে। বরং তাবেয়ীদের থেকে কিছু আচার (উক্তি) সাব্যস্ত হয়েছে। এবং কিছু হাদিস উদ্ভৃত হয়েছে; যে হাদিসগুলো মাওয়ু (বানোয়াট) কিংবা খুবই দুর্বল। এ রেওয়ায়েতগুলো অনেক দেশে প্রসিদ্ধি লাভ করেছে যে দেশগুলোতে অজ্ঞতার সয়লাব বেশি। সে রেওয়ায়েতগুলোতে রয়েছে যে, এ রাত্রিতে মানুষের মৃত্যুর সময়ক্ষণ ও আয়ুঙ্কাল লিপিবদ্ধ করা হয়...।

উপরোক্ত আলোচনার ভিত্তিতে এ রাতটি ইবাদতে কাটানো, এ দিনে রোয়া রাখা কিংবা এ রাতে বিশেষ ইবাদত পালন করা শরিয়তসম্মত নয়। না জেনে অনেক মানুষ করে বিধায় সেটা ধর্তব্য হবে না। আল্লাহই সর্বজ্ঞ।

শাহীখ বিন জিবরীন।

যদি কেউ বছরের অন্য রাতের মত এ রাতেও কিয়ামুল লাইল আদায় করতে চায়, অতিরিক্ত কোন আমল বা শ্রম ব্যতিরেকে, কিংবা বিশেষ কোন ইবাদত খাস না করে তাহলে তাতে কোন অসুবিধা নেই। অনুরূপভাবে কেউ যদি ১৫ই শাবান রোয়া রাখতে চায় এই হিসেবে যে, এটা বীয়ের দিন এবং ১৪ ও ১৩ তারিখেও রোয়া রাখে তাতে কোন অসুবিধা নেই। কিংবা এই হিসেবে রোয়া রাখে যে, ১৫ তারিখ সোমবারে পড়েছে বা বৃহস্পতিবারে পড়েছে তাতেও কোন অসুবিধা নেই; যদি এমন কোন ফয়লতের বিশ্বাস না করে যে ফয়লত সাব্যস্ত নয়। আল্লাহই সর্বজ্ঞ।